

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৯৫৬ [আন্তর্জাতিক নম্বরঃ ২০৮৬]

২৬/ ক্রয় - বিক্রয় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৩০১. সুদদাতা। এ প্রসঙ্গে মহান আল্লাহ তা'আলার বাণীঃ হে মু'মিনগন, তোমরা মহান আল্লাহ তা'আলাকে ভয় কর এবং সুদের যা বকেয়া আছে, তা ছেড়ে দাও। কর্মফল পুরোপুরি দেওয়া হবে আর তাদের প্রতি কোনরূপ অন্যায় করা হবেনা। (২:২৭৮-৭৮১) ইবন আব্বাস (রাঃ) বলেন। এটিই শেষ আয়াত, যা রাসূলুল্লাহ (সাঃ) এর উপর নাযিল হয়েছে।

باب مُوَكَّلِ الرَّبِّاَ لِقَوْلِهِ تَعَالَى: { يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَذَرُوا مَا بَقِيَ مِنَ الرِّبَا إِن كُنْتُمْ مُؤْمِنِينَ فَإِن لَّمْ تَفْعَلُوا فَأْذَنُوا بِحَرْبٍ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَإِن تُبْتُمْ فَلَكُمْ رُءُوسُ أَمْوَالِكُمْ لَا تَظْلِمُونَ وَلَا تُظْلَمُونَ وَإِن كَانَ ذُو عُسْرَةٍ فَنَظِرَةٌ إِلَىٰ مَيْسَرَةٍ وَأَن تَصَدَّقُوا خَيْرٌ لَّكُمْ إِن كُنْتُمْ تَعْلَمُونَ وَاتَّقُوا يَوْمًا تُرْجَعُونَ فِيهِ إِلَى اللَّهِ ثُمَّ تُوَفَّى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُونَ } قَالَ ابْنُ عَبَّاسٍ هَذِهِ آخِرُ آيَةٍ نَزَلَتْ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَوْنِ بْنِ أَبِي جُحَيْفَةَ، قَالَ رَأَيْتُ أَبِي اشْتَرَى عَبْدًا حَجَامًا، فَسَأَلْتُهُ فَقَالَ نَهَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ثَمَنِ الْكَلْبِ، وَثَمَنِ الدَّمِّ، وَنَهَى عَنِ الْوَأَشْمَةِ وَالْمَوْشُومَةِ، وَآكِلِ الرِّبَا، وَمُوكَلِّهِ، وَلَعَنَ الْمُصَوِّرَ.

বাংলা

১৯৫৬. আবুল ওয়ালীদ (রহঃ) ... আওন ইবনু আবু জুহাইফা (রহঃ) থেকে বর্ণিত, আমার পিতাকে দেখেছি, তিনি এক গোলাম খরিদ করেন, যে শিঙ্গা লাগানোর কাজ করত। তিনি তার শিঙ্গার যন্ত্রপাতি সম্পর্কে নির্দেশ দিলেন এবং তা ভেঙ্গে ফেলা হল। আমি এ ব্যাপারে তাঁকে জিজ্ঞাসা করলে তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুকুরের মূল্য এবং রক্তের মূল্য গ্রহণ করতে নিষেধ করেছেন, আর দেহে দাগ দেওয়া ও লওয়া থেকে নিষেধ করেছেন। সুদ খাওয়া ও খাওয়ানো নিষেধ করেছেন আর ছবি অংকনকারীর উপর লা'নত করেছেন।

English

Narrated `Aun bin Abu Juhaifa:

My father bought a slave who practiced the profession of cupping. (My father broke the slave's instruments of cupping). I asked my father why he had done so. He replied, "The Prophet (ﷺ) forbade the acceptance of the price of a dog or blood, and also forbade the profession of tattooing, getting tattooed and receiving or giving Riba, (usury), and cursed the picture-makers."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আওন ইবনু আবু জুহাইফাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=1963>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন